

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২ ৯৩-মহাখালী বা/এ, ঢাকা।
www.ddm.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৪.৯৮.৫০১.১৭-৬৬৮

তারিখঃ ২৪/০২/২০১৯ খ্রিঃ

প্রেরকঃ প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ' প্রকল্প।

প্রাপকঃ ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
উপজেলা:, জেলা:

২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (সকল),
উপজেলা:, জেলা:

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরে বাস্তবায়নধীন “গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (১ম সংশোধন)” প্রকল্পের কাজের ইটের গুণগতমান নিশ্চিতের লক্ষ্যে ল্যাবরেটরী পরীক্ষাকরণ।

সূত্রঃ অত্রফিসের স্মারক নং-৫১.০১.০০০০.০২৪.৮১.১৮.০০১.১৭-৪৯, তারিখঃ ১৬-০১-২০১৯ খ্রিঃ।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক “গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (১ম সংশোধন)” প্রকল্পের অধীন ২০১৮-২০১৯ অর্থ বছরে দেশের ৪৯২ টি উপজেলায় হেরিং বোন বন্ড (এইচবিবি) করণের নিমিত্ত গত ১৩-০১-২০১৯ খ্রিঃ তারিখে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র আহবান করা হয়। এবং গত ১৩-০২-২০১৯ খ্রিঃ তারিখে দরপত্র দাখিল প্রক্রিয়া সম্পন্ন হয়।

০২। এপ্রেক্ষিতে সূত্রস্থ স্মারকের ২০১৮-২০১৯ অর্থ বছরে প্রকল্পের কাজের গুণগতমান নিশ্চিতকরণে নির্দেশিকা পত্র তঁর উপজেলায় প্রেরণ করা হয়। উক্ত পত্রের বিশেষ দৃষ্টব্য অংশের ৩ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তানুযায়ী প্রকল্পের কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রী (ইট) পলিটেকনিক ইন্সটিটিউট/ ইঞ্জিনিয়ারিং কলেজ/ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে গুণগতমান পরীক্ষা করে রাস্তার কাজে ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রকল্প এলাকায় মজুদকৃত ইট হতে ঠিকাদারের উপস্থিতিতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার নমুনা সংগ্রহ করবেন। নমুনা পরীক্ষার রিপোর্ট নথিতে সংরক্ষণ করতে হবে এবং চূড়ান্ত বিলের সাথে অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে।

বর্ণিত অবস্থায় আপনার উপজেলার প্রকল্পের কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রী (ইট) ল্যাবরেটরী টেস্ট প্রতিবেদন/রিপোর্টের প্রত্যয়ন পত্র নিশ্চিত আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।



(মোঃ ইউছুফ আলী)

(অতিরিক্ত সচিব)

প্রকল্প পরিচালক (অতিঃ দাঃ)

'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ' প্রকল্প।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

ফোনঃ ০২-৯৮৫৬৩৩৫

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল), জেলা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ডিডিএম-এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার (সকল), জেলা।
- ৮। অফিস কপি।